


বিজ্ঞপ্তি

এতদ্বারা ময়মনসিংহ জেলাধীন ময়মনসিংহ সদর উপজেলার সকল খাদ্যপণ্যের আমদানীকারক, পাইকারী ও খুচরা ব্যবসায়ী এবং চালকল, ময়দাকল, রোলার, আটাচাক্কি, অটোমেটিক রাইস মিল, মেজর রাইস মিল, হাফ্টিং রাইসমিল মালিকদের এবং ওএমএস ডিলারদের পুনরায় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার Control of Essential Commodities Act. 1956 মতে খাদ্যশস্য/খাদ্য সামগ্রী মজুদের পরিমাণ মেয়াদ ও লাইসেন্স ফি পুনঃ নির্ধারণ করেছে। পুনঃ নির্ধারিত সীমা অনুযায়ী ১(এক) টনের অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী কারো অধিকারে বা নিয়ন্ত্রনে রাখতে হলে তাকে আবশ্যিকভাবে এ সংক্রান্ত ব্যবসায়ের লাইসেন্স গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে মজুদ পরিমাণ অনুযায়ী আমদানীকারক, পাইকারী, খুচরা ব্যবসায়ী ও চালকল, ময়দাকল মালিকদের নির্ধারিত লাইসেন্স ফি ও মেয়াদকালও সরকার পুনঃ নির্ধারণ করেছে।

যাহোক ময়মনসিংহ সদর উপজেলার সকল খাদ্যশস্য/খাদ্য সামগ্রী আমদানীকারক, পাইকারী ও খুচরা ব্যবসায়ী এবং চালকল, ময়দাকল, রোলার, আটাচাক্কি ও ওএমএস ডিলার মালিকদের নির্ধারিত ফরমে আবেদন ও ফি জমা দিয়ে অত্র দপ্তর হতে লাইসেন্স গ্রহণ করতে পুনরায় অনুরোধ করা যাচ্ছে। লাইসেন্স ব্যতিরেকে নির্ধারিত এসব পণ্য ১(এক) টনের অধিক কারো নিয়ন্ত্রনে রাখা উক্ত আইনের পরিপন্থী ও দণ্ডনীয় বলে বিবেচ্য। এ বিষয়ে বিস্তারিত জানতে অত্র দপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে অথবা খাদ্য অধিদপ্তরের www.dgfood.gov.bd ওয়েবেও দেখা যেতে পারে।

- পন্য সমূহ:
- (১) চাল, গম ও গমজাত দ্রব্য
 - (২) ভোজ্য তেল
 - (৩) চিনি
 - (৪) ডাল


(মোঃ আশরাফুল আলম ফাহিম)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

ই-মেইল: ucfsador.myn@gmail.com

তারিখ: ০৯/০৭/২০২৩ খ্রি.

স্মারক নং- ২৯৮

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি দেয়া হলো- (জ্যেষ্ঠতার ক্রমিক অনুযায়ী নয়)

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
- ৩। সভাপতি, সকল বাজার সমিতি, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
- ৪। সাধারণ সম্পাদক, সকল বাজার সমিতি, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
- ৫। অফিস নথি।

X
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।